ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৫৩৮</u>
আগরতলা,২ জুলাই,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"জাতীয় স্বাস্থ্য মিশনে নিয়োগে অনিয়মের অভিযোগে চাঞ্চল্য" এই শিরোনামে গত ২৪-০৬-২০২৫ তারিখে ত্রিপুরা দর্পণ পত্রিকায় প্রকাশিত সংবাদ জাতীয় স্বাস্থ্য মিশন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে। জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষ থেকে এই সংবাদের স্পষ্টিকরণে জানানো হয়েছে, ত্রিপুরা রাজ্যের স্টেট আয়ুষ মিশনের অধীনে বিভিন্ন অস্থায়ী ও চুক্তিভিত্তিক পদে নিয়োগের জন্য সরকার অনুমোদিত দুইটি নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়, যেমনঃ ফুল টাইম ফ্যাকাল্টি (বি.এ.এম.এস., বি.এইচ.এম.এস., এম. ফার্ম.), কমিউনিটি হেলথ অফিসার (সি.এইচ.ও.), প্রোগ্রাম ম্যানেজার, কনসালটেন্ট, ফাইনান্স ম্যানেজার, কনসালটেন্ট (এইচ.এম.আই.এস.), ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার এবং ডিস্ট্রিক্ট ডেটা এন্ট্রি অপারেটর।

উক্ত বিজ্ঞপ্তিতে উল্লেখিত প্রার্থী নির্বাচন সংক্রান্ত নিয়মাবলী অনুযায়ী আবেদনকারী প্রার্থীদের সাক্ষাৎকার বোর্ডের সামনে উপস্থিত হওয়ার জন্য আহ্বান জানানো হয়, যার বিজ্ঞপ্তি এনএইচএম ত্রিপুরার ওয়েবসাইটে প্রকাশিত হয় এবং স্থানীয় সংবাদপত্রেও প্রচার করা হয়। সাক্ষাৎকার প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর সাক্ষাৎকার বোর্ড একাডেমিক পারফরমেন্স ইনডেক্স ও সাক্ষাৎকারের ভিত্তিতে সুপারিশপত্র/মেধাতালিকা প্রদান করে। সেই অনুযায়ী সরকার থেকে নিয়োগপত্র জারি করার অনুমোদন গৃহীত হয়।

প্রার্থীদের নিয়োগপত্র গ্রহণের বিষয়ে অবহিত করার পূর্বে, নির্বাচিত প্রার্থীদের তালিকা এনএইচএম ত্রিপুরা ওয়েবসাইটে আপলোড করার জন্য আয়ুষ সেল থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে (যার ইমেইল সংশ্লিষ্ট বিভাগকে ১৯শে জুন, ২০২৫ তারিখে প্রেরণ করা হয়েছে), কারণ ন্যাশনাল আয়ুষ মিশনের কোনো স্বতন্ত্র ওয়েবসাইট নেই। কিন্তু, কারিগরি ত্রুটির কারণে ওয়েবসাইটে উক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা সম্ভব হয়নি। তাই, নির্বাচিত প্রার্থীদের তালিকা এনএইচএম-এর মিশন ডিরেক্টরের দপ্তরের নোটিশ বোর্ডে প্রদর্শন করা হয়েছে।

উপরোক্ত পরিস্থিতিতে, প্রার্থীদের টেলিফোন মারফত মিশন ডিরেক্টর, এনএইচএম ও এম এস -আয়ুষ সোসাইটি, প্যালেস কম্পাউন্ড, আগরতলা অফিস থেকে অবহিত করা হয়েছে।

সংবাদপত্রে প্রকাশিত ক্লিপিং অনুযায়ী "ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কো-অর্ডিনেটর" নামে কোনো পদ নেই। তবে "ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার" নামে একটি পদ রয়েছে। যেখানে যোগ্যতা নির্ধারিত হয়েছে "আয়ুষ সহ যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি এবং এম.বি.এ. ইন হেলথ কেয়ার ম্যানেজমেন্ট/ হিউম্যান রিসোর্স (এইচ.আর.) / মাস্টার্স ইন হেলথ/হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন/ হসপিটাল ও হেলথকেয়ার ম্যানেজমেন্ট-এ দুই বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (এ.আই.সি.টি.ই. অনুমোদিত প্রতিষ্ঠানের) এইরূপ প্রাসঙ্গিক ক্ষেত্রে স্নাতক + এম.বি.এ. / মাস্টার্স/ পিজি ডিপ্লোমা থাকা আবশ্যক", এবং নিয়োগ প্রক্রিয়া নির্ধারিত যোগ্যতা ও নিয়ম অনুযায়ী সম্পন্ন হয়েছে।

*****